# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ

**অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর**
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone :
Office :

স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২০(৩য় খন্ড)/৫০ তারিখঃ ০১-১২-২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ

"পটুয়াখালী জেলার অন্তর্গত গোপালদী নদী, তেতুলিয়া নদী, কচাবুনিয়া নদী, লোহালিয়া নদী এবং পটুয়াখালী নদীর ভাঙ্গন হতে সদর উপজেলা, দশমিনা উপজেলার বিভিন্ন এলাকাসহ Coast Guard বাহিনীর স্টেশন স্থাপনের জন্য অধিগ্রহণকৃত জমি রক্ষা" শীর্ষক প্রস্তাবিত প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা সম্পাদন প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ ইতোপূর্বে গঠিত কারিগরি কমিটি পুনঃগঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব বিশ্বজিৎ বৈদ্য, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব সালমা বেগম, উপ-প্রধান (সমাজবিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর, বাপাউবো, ঢাকা । | সদস্য |
| ৪। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো,ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ বেলাল উদ্দীন বিশ্বাস, উপ-প্রধান(কৃষি/পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, পাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্প সংশ্লিষ্ট এলাকার বিদ্যমান জল অবকাঠামোসমূহের ভবিষ্যত সংরক্ষণ ও ব্যবস্থাপনার নিরীখে বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট নদী/খালের গতি প্রকৃতি (Morphological Change) Site Plan-এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনাসহ প্রয়োজনীয় রূপরেখা প্রণয়ন করবেন;

গ) প্রস্তাবিত এলাকার সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে স্থায়ী নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নসহ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা প্রতিপালনে সংশ্লিষ্ট নদী/খালসমূহের(channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন এবং অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) প্রযোজ্য ক্ষেত্রে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর পরিমাণ, ব্যবহার ও ব্যবস্থাপনা ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সিড়ি ও বেঞ্চ নির্মাণ, গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত উপকূলীয় এলাকার জন্য প্রযোজ্য নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;

ট) প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(স্বাক্ষরিত)
(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

**বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২। জনাব বিশ্বজিৎ বৈদ্য, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।
৩। জনাব সালমা বেগম, উপ-প্রধান (সমাজবিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর, বাপাউবো, ঢাকা ।
৪। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো,ঢাকা।
৫। জনাব মোঃ বেলাল উদ্দীন বিশ্বাস, উপ-প্রধান(কৃষি/পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, পাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১-২। প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা/ প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৩-৪। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল/ নকশা, বাপাউবো, ঢাকা/ বরিশাল।
৫-৬। পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-২/ পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঢাকা/ পটুয়াখালী।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৯-১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।